

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০৫ (এ.টি).১৯-৬৮৪

তারিখঃ ০৯ পৌষ ১৪২৬ ব.  
২৪ ডিসেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ প্রশা: ট্রাই: নং-২৮২/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতাকরণ সংক্রান্ত।

- সূত্র: (১) ডিটিই এর স্মারক নং-৩৭.০০৩.০০০০.০১২.০৪.০১০.১৮-১৮৮/ক, তারিখ: ১৮/০২/২০১৯ খ্রি.  
(২) বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ হতে প্রাপ্ত প্রশা; ট্রাই: নং-২৮২/২০১৯ এর বুলনিশি ও আর্জির কপি।  
(৩) ডিটিই এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.১৯.পলি (এটি-২০).১৭৪৮, তারিখ: ০৪/১২/২০১৯ খ্রি.  
(৪) ডিটিই এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.১৯.পলি (এটি-২০).১৭৪৯, তারিখ: ০৪/১২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট এর ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল জনাব মো: ফতেহ আলী -কে “সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি এর উপবিধি ১(খ) মোতাবেক গুরুদণ্ডের আওতায় ৪ এর উপবিধি ৩(খ) অনুযায়ী ০৭/০৩/২০১৮ তারিখ হতে “চাকরি হতে বরখাস্ত করে” (Dismissal from service) ডিটিই হতে ১৮/০২/২০১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে প্রজ্ঞাপন জারি করা হয়।

২। উক্ত স্মারকের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল জনাব মো: ফতেহ আলী কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা'য় প্রশা: ট্রাই: মামলা নং-২৮২/২০১৯ দায়ের করা হয়। বর্ণিত মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১ নং ও ডিজি, ডিটিইকে ২নং সহ মোট ০২ (দুই) জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

৩। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক আগামী ১৯/০১/২০২০ তারিখ ১০.০০ ঘটিকার মধ্যে বা তার পূর্বে প্রতিপক্ষগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠসহ (যদি থাকে) দুইপ্রস্ত সংশ্লিষ্ট ট্রাইব্যুনালে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

৪। প্রশা: ট্রাই: মামলা নং-২৮২/২০১৯ এর বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দিতাকরণের নিমিত্ত ইতোমধ্যে ডিটিই হতে ০৪/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকের মাধ্যমে প্যানেল আইনজীবী নিয়োগের জন্য বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বরারব পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া উক্ত মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতা করার জন্য ডিটিই'র নিজস্ব আইনজীবীকেও ০৪/১২/১৯ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।

৫। এমতাবস্থায়, প্রশা: ট্রাই: নং-২৮২/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব ধার্য তারিখ ১৯/০১/২০২০ অথবা উক্ত তারিখের পূর্বে সংশ্লিষ্ট আদালতে দাখিলসহ ডিটিই হতে সূত্রোক্ত (১) ও (২) নং স্মারকে প্রেরিত পত্র দুটির উপর গৃহীত ব্যবস্থার হালানগাদ তথ্যাদি আগামী ১৮/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
৫। অফিস কপি/মাস্টার কপি।